# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল

স্মারক নং-বশিবো/৬ষ্ঠ/২০২৪/২৩২ তারিখ: ২৩.০৪.২০২৪ খ্রি.

**বিষয় : ২০২৪ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) নিবন্ধন করা প্রসঙ্গে।**

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে উপরোক্ত বিষয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১। জাতীয় শিক্ষা নীতি, ২০১০ অনুযায়ী ০১/০১/২০২৪ হতে ৩১/১২/২০২৪ তারিখের মধ্যে শিক্ষার্থীর বয়সসীমা ৯+ থেকে ১৫ বছর। তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর।

০২। ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ (১৯৬১ সনের ৩৩নং আইন)-এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭তারিখের শিম/শা:১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারক, ৩০/১০/২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০৭২,৩৯.০০২.২০২২ ২৭৩ নং স্মারক এবং ১৩/০৭/২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২২.১৪৪ নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে নিবন্ধনের সুযোগ পাবে।

০৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। **কেন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে নিবন্ধন করার সুযোগ পাবে না।**

০৪। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০)=৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ৬ষ্ঠ শ্রেণিতে প্রতি শিক্ষার্থীর নিকট হতে ২০ টাকা গ্রহণ করে এবং ৬০% অর্থাৎ ১২ টাকা ৬০ শতাংশ অর্থাৎ ১২ (বার) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ৮ (আট) শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।

০৫। ফি জমাদান: **সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার তারিখ ০২.০৫.২০২৪ হতে ১০.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত।**

**সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার পর থেকেই Online এ Data entry করা যাবে এবং ২০.০৫.২০২৪ তারিখ পর্যন্ত বহাল থাকবে।**

**জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপ:**

| রেজিস্ট্রেশন ফি (টাকা) | স্কাউট ফি (টাকা) | রেডক্রিসেন্ট ফি (টাকা) | সর্বমোট (টাকা) |
|---|---|---|---|
| ৫০/- | ১৫/- | ০৮/- | ৭৩/- |

০৬। **বর্ণিত শিক্ষার্থদের নিবন্ধন করার জন্য www.barisalboard.gov.bd এ প্রবেশ করে এর ডান পাশের Class Six eSIF Panal এ গিয়ে EIIN ও ৮ম শ্রেণির Password দিয়ে Login করতে হবে। এরপর SIF Payment এ গিয়ে কত জন শিক্ষার্থীর নিবন্ধন করতে চায় তার সংখ্যা দিতে হবে এবং সোনালী ই-সেবার মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে।**

০৭। শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন সম্পন্ন করার পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

০৮। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (যে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ২,১০০/- (দুই হাজার একশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Password সংগ্রহ করবে।

০৯। (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে তাদের মূলসনদ অনুযায়ী অথবা প্রাথমিক সমাপনি পরীক্ষা পাসের সনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।

(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।

(গ) শিক্ষার্থীর নামের পূর্বে Mr., Mrs., Miss, Sree, Sreemoti, Dr. Add. ইত্যাদি ধরনের শব্দ ব্যবহার করা যাবে না।

(ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হালসন নাগাদ থাকতে হবে।

১০। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **'বিশেষ চাহিদাসম্পন্ন কি না'** তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১১। প্রত্যেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ অনুসারে তথ্য পূরণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৩.০৪.২০২৪

**(মো: রফিকুল ইসলাম খান-১০৬০৪)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণঃ**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৬। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত) কম্পিউটার কেন্দ্র, বরিশাল।
০৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৮। সংরক্ষণ নথি।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
# বরিশাল

স্মারক নং-বশিবো/জেএসসি(০২)/২০২৪/২৩৩ তারিখ: ২৩.০৪.২০২৪ খ্রি.

## ৮ম শ্রেণি ২০২৪ নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, **২০২৪ সালে ৮ম শ্রেণিতে** অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন প্রক্রিয়া Online এর মাধ্যমে সম্পন্ন করার নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলী নিম্নরূপ :

০১ । নির্ধারিত ফি ও সময়সুচি:

| বিবরণ | শিক্ষার্থী সংখ্যা | রেজি:ফি | রেড ক্রিসেন্ট ফি | ই-সার্ভিস | মোট ফি এর পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ফি এর পরিমাণ | ০১ জন | ৫০/- | ২৪/- | ১০/- | ৮৪/- |

**সময়সূচি: সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার তারিখ ০২.০৫.২০২৪ হতে ১০.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত।**

০২। **সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার পর থেকেই Online এ Data entry করা যাবে এবং ২০.০৫.২০২৪ তারিখ পর্যন্ত বহাল থাকবে।**

০৩। **নিবন্ধনের বয়সসীমা :**

**(ক) সাধারণ শিক্ষার্থীদের জন্য ৩১.১২.২০২৪ খ্রি. তারিখ এর মধ্যে বয়সমীমা ১২ থেকে ১৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ শিক্ষার্থীদের জন্ম তারিখ ০১.০১.২০০৮ খ্রি. হতে ৩১.১২.২০১২ খ্রি. তারিখের মধ্যে হতে হবে।**

**(খ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীরা শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯১.৯৯.০০১.২৩-৩০৭, তারিখ: ০৫.০৭.২০২৩ খ্রি. পত্রের সিদ্ধান্তের উপর ভিত্তি করে ৩১.১২.২০২৪ তারিখ পর্যন্ত সর্বোচ্চ ২২ বছর বয়স পর্যন্ত নিবন্ধন করতে পারবে। তবে সেক্ষেত্রে শিক্ষার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অনলাইন ডাটাবেজে নিবন্ধন আবশ্যক।**

**(গ) ২০২৪ সালে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা জেএসসি ও জেডিসি পরীক্ষার সিলেবাসে অনুষ্ঠিত হবে। অর্থাৎ জেএসসি ও জেডিসি পরীক্ষার আগে যে প্রক্রিয়ায় ৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে, সে প্রক্রিয়ায় পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

০৪। eSIF পূরণের সময় শিক্ষার্থীর পিতা ও মাতার নামের পূর্বে মি:, মিসেস, মৃত, মরহুম, প্রফেসর, মেজর, কর্নেল, ব্রিগেডিয়ার, ডাক্তার, ড. শ্রীযুক্ত, আলহাজ্ব ইত্যাদি এবং নামের শেষে বি এ, এম এ, এফ আর সি এস ইত্যাদি সংযুক্ত করা যাবে না ।

০৫। অ-অনুমোদিত বিদ্যালয়সমূহের শিক্ষার্থীরা পার্শ্ববর্তী অনুমোদিত বিদ্যালয় থেকে নিবন্ধন করবে ।

০৬। ৮ম শ্রেণির নিবন্ধনের জন্য সরবরাহকৃত Password ব্যবহার করে নিবন্ধন করতে হবে ।

০৭। শিক্ষামন্ত্রণালয়ের ১৭.১২.২০২০ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০)= ৬০ টাকা যুব রেডক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। উক্ত ৬০ টাকা হতে ৬০ শতাংশ অর্থাৎ ৩৬ (ছত্রিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেডক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ২৪(চব্বিশ) টাকা শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।

০৮। অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদান এবং নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করলে তার জন্য প্রতিষ্ঠান প্রধান নিজে দায়ী থাকবেন।

০৯। পিতা ও মাতার ভোটার আইডি কার্ড, পিএসসি সনদ ও জন্ম নিবন্ধন সনদ অনুসারে শিক্ষার্থীর নাম, পিতা/মাতার নাম, জন্ম তারিখ হওয়া আবশ্যক।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৩.০৪.২০২৪

(মো: রফিকুল ইসলাম খান-১০৬০৪)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণঃ

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। সচিব, মাধ্যমিকও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৬। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত) কম্পিউটার কেন্দ্র, বরিশাল।
০৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল)।
০৯। সংরক্ষণ নথি।